প্রথম আলো

তারিখ 07 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

# এসিসিএ শিক্ষাক্রমে পরিবর্তন আসছে

অ্যাসোসিয়েশন অব চার্টার্ড সার্টিফায়েড অ্যাকাউনট্যান্টস (এসিসিএ) নামের হিসাববিদ্যার শিক্ষার্থীদের আগামী ২০১৮ সালের অক্টোবর থেকে ১৪টি পেপার বা বিষয়ের পরিবর্তে ১৩টিতে পরীক্ষা দিতে হবে।

ঢাকার জাতীয় প্রেসক্লাবে গতকাল রোববার এক সংবাদ সম্মেলনে এসিসিএ শিক্ষার পাঠক্রমে পরিবর্তনের এ তথ্য জানানো হয়েছে। একই সঙ্গে হিসাববিদ্যার ভবিষ্যৎ রূপরেখা ও কৌশল প্রবর্তনের কথা তুলে ধরা হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য দেন বাংলাদেশে এসিসিএর কান্ট্রি ম্যানেজার মহুয়া রশীদ। এ সময় আরও উপস্থিত ছিলেন এসিসিএ বাংলাদেশের ব্যবসায় উন্নয়ন ব্যবস্থাপক সৈয়দ আসিফ আজিজ ও শিক্ষা ব্যবস্থাপক প্রমা তাপসী খান।

মহুয়া রশীদ বলেন, এসিসিএ একটি হিসাববিদ্যা-সংক্রান্ত ভবিষ্যৎমুখী প্রতিষ্ঠান, তাই এটি সময়ের সঙ্গে তাল মিলিয়ে চলে, ভবিষ্যৎ পৃথিবীর চাহিদার ক্ষেত্রে কী পরিবর্তন আসতে পারে এবং সরকারি-বেসরকারি চাকরিদাতা প্রতিষ্ঠানগুলোতে কী কী নতুন দক্ষতার প্রয়োজন হতে পারে—এসব বিবেচনায় রাখে। এ জন্য এসিসিএ ২০১৪ সালে পেশাদার হিসাববিদের ভবিষ্যৎ নামে একটি গবেষণা শুরু করে। দুই বছরের গবেষণায় বিশেষজ্ঞদের মতামত নিয়ে এসিসিএ-সংক্রান্ত পাঠক্রমে কিছু পরিবর্তন আনা হয়েছে।

সংবাদ সম্মেলনে এসিসিএর লন্ডনের সদর দপ্তর থেকে এর প্রধান নির্বাহী হেলেন ব্র্যান্ডের দেওয়া বক্তব্য পর্দায় দেখানো হয়। এতে হেলেন ব্র্যান্ড বলেন, 'পরিবর্তনগুলো আমাদের শিক্ষাক্রমে একটি যুগান্তকারী বিবর্তন এনে দেবে। ফলে অ্যাকাউন্ট্যান্সি প্রফেশনাল বা পেশাদার হিসাববিদেরা দেশীয় ও বৈশ্বিক অর্থনৈতিক কার্যকলাপে বড় ভূমিকা পালনে সক্ষম হবেন।' বিজ্ঞপ্তি।